# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

## সাতের বাজার এসএমই/কৃষি শাখা, বোয়ালমারী, ফরিদপুর।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ সামচুল হক মৃধা ওরফে সামচুল হক মোল্যা, পিতা- মোঃ আবঃ সামাদ মৃধা, মাতা- মোছাঃ ফুলজান বেগম, সাং- হাটখোলার চর, পোস্ট- খরসূতি, থানা- বোয়ালমারী, জেলা-ফরিদপুর। ব্যবসায়িক ঠিকানা- "মেসার্স সামচুল হক " সাতৈর বাজার, বোয়ালমারী, ফরিদপুর কর্তৃক ইউসিবি সাতৈর বাজার, এসএমই/কৃষি শাখা, বোয়ালমারী হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৪/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,১০,১৫,৪৬৭.৩৫ (দুই কোটি দশ লক্ষ পনের হাজার চারশত সাতষট্টি টাকা পয়ত্রিশ পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী জমির তফসিল পরিচয় "ক তফসিল"**

জেলা-ফরিদপুর, থানা- বোয়ালমারী, মৌজা-বড় নগর, জে.এল নং-আর.এস ও এস.এ-১২৬, বি.এস-৪৬, খতিয়ান নং-আর.এস-৫৯, এস.এ-৫৮, বি.এস-৫৭, ১০৭, প্লট নং-আর.এস-১৭৯, বি.এস-১১৮, ১১৯, ১২০, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=৪.০০ শতাংশ। চৌহর্দিঃ **২.০০ শতাংশ, বি.এস দাগ-১১৮, ১১৯** ভূমিরঃ উত্তরে- রাস্তা ,দক্ষিনে- সরকারী জমি (তহশীল অফিস), পূর্বে- সরকারী জমি (তহশীল অফিস), পশ্চিমে- ডাঃ তোফাজ্জেল হোসেন ও চৌহর্দিঃ **২.০০ শতাংশ, বি.এস দাগ-১২০** ভূমিরঃ উত্তরে- রাস্তা , দক্ষিনে- রোকন মোল্যা, পূর্বে- মোকাদ্দেস হোসেন, পশ্চিমে- ডাঃ তোফাজ্জেল হোসেন ।

**"খ তফসিল"**

জেলা-ফরিদপুর, থানা- বোয়ালমারী, মৌজা-বড় নগর, জে.এল নং-আর.এস ও এস.এ-১২৬, বি.এস-৪৬, খতিয়ান নং-এস.এ-৫২, বি.এস-১৯, প্রস্তাবিত-১৯/১, ১৯/২, প্লট নং-এস.এ-১১২/২৫৫, বি.এস-৪৩, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=৯.০০ শতাংশ। চৌহর্দিঃ উত্তরে- সজল এর জমি, দক্ষিনে- রাস্তা/হালট, পূর্বে-ফরিদপুর টু বোয়ালমারী রাস্তা, পশ্চিমে- মোঃ সামচুল হক মৃধা ।

**"গ তফসিল"**

জেলা-ফরিদপুর, থানা- বোয়ালমারী, মৌজা-বড় নগর, জে.এল নং-আর.এস ও এস.এ-১২৬, বি.এস-৪৬, খতিয়ান নং-এস.এ-২৩, ৮৪ বি.এস-১৮, প্রস্তাবিত-১৮/১, প্লট নং-আর এস ও এস.এ-২১৪, ২৩২, বি.এস-১৭৬, ২০৩, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=২৬.০০ শতাংশ। চৌহর্দিঃ **১৯.৭৫ শতাংশ, বি.এস দাগ-২০৩** ভূমিরঃ উত্তরে- রঞ্জন কর্মকার, দক্ষিনে- রঞ্জিত শীল, পূর্বে-সঞ্জয় শীল, পশ্চিমে- ফরিদপুর টু বোয়ালমারী রাস্তা ও চৌহর্দিঃ **৬.২৫ শতাংশ, বি.এস দাগ-১৭৬** ভূমিরঃ উত্তরে- মখলেশ বিশ্বাস , দক্ষিনে- সাহিদ শেখ, পূর্বে- আব্দুল হক শেখ, পশ্চিমে- ওহিদ শেখ।

### নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৩.০৭.২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সাতৈর বাজার এসএমই/কৃষি শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সাতৈর বাজার এসএমই/কৃষি শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন–রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক,**
**সাতৈর বাজার এসএমই/কৃষি শাখা,**
**বোয়ালমারী, ফরিদপুর ।**